

মেধা বহির্ভূত ছাত্রদের ভর্তি না করায় ক্ষোভ

সাতক্ষীরা কলেজে ছাত্রদল কর্মীদের কক্ষ ভাঙচুর, শিক্ষক লাঞ্চিত

সাতক্ষীরা প্রতিনিধি : মেধা তালিকা বহির্ভূত ভর্তিপর ছাত্রকে জোরপূর্বক বাংলা (সম্মান) বিভাগে ভর্তি করানোর লক্ষ্যে গতকাল মঙ্গলবার ছাত্রদলের ক্যাডাররা সাতক্ষীরা সরকারি কলেজের সেমিনার কক্ষ ভাঙচুর এবং বিভাগীয় প্রধানকে লাঞ্চিত করে কক্ষে তালা ফুলিয়ে দেয়। একঘণ্টা পর পুলিশ তাকে কক্ষ থেকে উদ্ধার করে। এ ঘটনায় কলেজ শিক্ষক পর্বদের এক জরুরি সভায় এ ঘটনার নেতৃত্বদানকারী ঐ ছাত্রের নিবন্ধন বাতিল, কোনো অনুষ্ঠানে তাকে গ্রহণ না করাসহ গুণ ব্যাপারে নিয়মিত মামলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কলেজ সূত্র জানায়, ৮ বিভাগের সম্মান শ্রেণীতে আবেদনকারী ১ হাজার ১২০ জনের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় পরিচালিত পরীক্ষায় ৭৪৫ জন উত্তীর্ণ হয়। অগতঃ কলা অনুষদে ৩৯০, বাণিজ্য অনুষদে ১৫০ এবং প্রাণীবিদ্যা অনুষদে মোট আসন ৬৫০টি হওয়ায় অনেকেই বাদ পড়ে। কলেজ কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, মেধা তালিকা বহির্ভূত কিছু ছাত্রকে ভর্তি করানোর জন্য ছাত্রদল ক্যাডার রট্টাবিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র আবু তাহের চাপ প্রয়োগ করতে থাকে। এতে সাড়া না পেয়ে গতকাল বেলা সাড়ে ১০টায় আবু তাহের বেশ কয়েকজন বহিরাগত ক্যাডার নিয়ে বাংলা বিভাগের সেমিনার কক্ষে হামলা করে তার কক্ষটি ভাঙচুর করে। বাংলা বিভাগীয় প্রধান অধ্যাপক আবদুল জলিলকে তারা লাঞ্চিত করে এবং ঐ কক্ষে তালা ফুলিয়ে দেয়। প্রায় একঘণ্টা পর পুলিশ তাকে উদ্ধার করে।

অধ্যক্ষ প্রফেসর এ কে এম মোকাররম আলী ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, কলেজ শিক্ষক পর্বদের জরুরি সভার সিদ্ধান্ত মোতাবেক আবু তাহের (দ্বিতীয় বর্ষ, রট্টাবিজ্ঞান, রোল নম্বর ৪১২৫) কে কলেজের কোনো অনুষ্ঠানে ছাত্রদল প্রতিনিধি হিসেবে গ্রহণ করা হবে না। তার রেজিস্ট্রেশন বাতিলের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রতিবেদন দাখিল করা হবে। এ ছাড়াও তার বিরুদ্ধে সাতক্ষীরা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়।